



নীলফামারীর জলঢাকায় কয়েকটি কেন্দ্রে সাইকেল গ্যারেজসহ অস্থায়ী প্যাভেল তৈরি করে নেওয়া হচ্ছে জেএসসি-জেডিসি পরীক্ষা। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে চলতি জেএসসি, জেডিসি পরীক্ষায় উপজেলাটিতে ৭টি কেন্দ্রে পরীক্ষার্থী সাত হাজার ১৮৭ জন। এর মধ্যে জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে পাঁচ হাজার ৬৯৩ জন। মাদ্রাসা পরীক্ষার্থীর সংখ্যা এক হাজার ২৭৭ ও ভোকেশনাল পরীক্ষায় অংশ নিচ্ছে ২১৭ জন। পরীক্ষার প্রথম দিনে বৃহস্পতিবার জলঢাকা সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয় গিয়ে দেখা যায়, এ কেন্দ্রটিতে ১৯টি মাধ্যমিক বিদ্যালয়ের এক হাজার ৯৭৬ পরীক্ষার্থী। আসন সংকুলানের অভাবে কেন্দ্রটিতে সাইকেল গ্যারেজে পরীক্ষা দিচ্ছে শিক্ষার্থীরা। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব আমিনুর রহমান বিএসসি জানান, পর্যাপ্ত ভবন না থাকায় আমাদের বাধ্য হয়ে সাইকেল গ্যারেজ ও অস্থায়ী প্যাভেল তৈরি করে পরীক্ষা নিতে হচ্ছে। এ সময় প্রতিষ্ঠানের দায়িত্বে থাকা শিক্ষকরা অতিরিক্ত একাডেমিক ভবন নির্মাণের দাবি জানান সরকারের কাছে।

এদিকে জলঢাকা বালিকা উচ্চ বিদ্যালয় ও ছিটমীরগঞ্জ ফাজিল মাদ্রাসার একই অবস্থা। এ বিষয়ে জলঢাকা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা চঞ্চল কুমার ভৌমিকের সঙ্গে কথা হলে তিনি বলেন, পরীক্ষা কেন্দ্রগুলোতে আসন সংকুলানের অভাবে এ অবস্থার সৃষ্টি হয়েছে।